



ভারতীয় জনতা পার্টি

BHARATIYA JANATA PARTY



TRIPURA STATE EXECUTIVE COMMITTEE

Ref.No..... F.2(4)/BJP/TPA/2018/2349

Date 27th Oct, 2018

প্রেস বিজ্ঞপ্তি

বিলোনিয়ায় শনিবার জন একতা মঞ্চের মিছিলের উপর দুষ্কৃতকারীদের হামলার বিষয়ে রাজ্য বিজেপি নেতৃত্ব অবগত হয়েছেন। এই বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করেছেন বিজেপি নেতৃত্ব। তবে এই বিষয়ে রাজ্যের প্রধান বিরোধীদল সিপিআই(এম), সরকার এবং শাসকদল ভারতীয় জনতা পার্টিকে কালিমালিপ্ত করার চেষ্টা করছে।

পার্টির রাজ্য নেতৃত্ব স্থানীয় নেতৃত্বের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা করেছে এবং তথ্য সংগ্রহ করেছে। এই হামলার সঙ্গে বিজেপি কোনভাবেই যুক্ত নয়। সংশ্লিষ্ট বিষয়ে বিরোধীদের অভিযোগ অবাস্তব এবং উদ্দেশ্যপ্রণোদিত পার্টির কোন কার্যকর্তা এই হামলার সঙ্গে যুক্ত নয়।

পার্টির রাজ্য নেতৃত্ব মনে করেন, রাজ্যে গণতান্ত্রিকভাবে নির্বাচিত একটি প্রগতিশীল সরকার আছে। এই হামলার ঘটনায় যুক্তদের বিরুদ্ধে পুলিশ স্বাধীনভাবে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেবে। দীর্ঘ ২৫ বছর বাম শাসনে পুলিশ প্রশাসন সম্পূর্ণভাবে তৎকালীন ক্ষমতাশীল পার্টির নিয়ন্ত্রণে চলে গিয়েছিল। কিন্তু এখন পরিস্থিতি পাল্টে গেছে। পুলিশ স্বাধীনভাবে কাজ করছে। এই ক্ষেত্রে ও নিরপেক্ষ তদন্তই হবে।

ভারতীয় জনতা পার্টি হিংসা কিংবা প্রতিহিংসার রাজনীতিতে বিশ্বাস করে না। তবে খবর নিয়ে দেখা গেছে শনিবারের ঘটনার পেছনে স্থানীয় কিছু জনতার চাপা ক্ষোভের বর্ষিপ্রকাশ ঘটেছে।

২৫ বছরের বাম শাসনে স্থানীয় সিপিআই(এম) নেতাদের দ্বারা অনেকেই নানাভাবে অত্যাচারিত এবং বঞ্চিত হয়েছেন। এখন ক্ষমতাচ্যুত হওয়ার পর তাদের বিরুদ্ধে প্রতিশোধ নিতে চাইছেন অনেকেই। কিন্তু বিজেপি রাজ্য নেতৃত্ব এই ধরনের কার্যকলাপকে কোনভাবেই প্রশ্রয় দেয় না। জনমনে ক্ষোভ থাকলেও এইভাবে আক্রমণ সংঘটিত করা অনুচিত বলে মনে করে। পার্টির নেতৃত্ব আবেদন জানাচ্ছে যাতে কেউই পরোচনার ফাঁদে পা না দেন। যারা দীর্ঘ সময় ধরে শোষণ বঞ্চনা চালিয়ে এসেছেন তাদের জনবিচ্ছিন্ন করে দেওয়াই হবে প্রকৃত সাজা। কিন্তু কোন অবস্থাতেই আইন নিজের হাতে তুলে নেওয়া উচিত নয়। একি সঙ্গে রাজ্যের নতুন সরকারের উন্নয়নমুখী কর্মসূচীতে সকলের সক্রিয় সহযোগিতা একান্তভাবে কাম্য।

(নবেন্দু ভট্টাচার্য্য)

মুখপাত্র

বিজেপি, ত্রিপুরা প্রদেশ।